গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০

**হাইড্রোকার্বন ইউনিট এর মে /২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | তাহমিনা ইয়াসমিন<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৩-০৫-২০২৩ |
| সভার সময় | সকাল ১০: ০০ ঘটিকা |
| স্থান | কনফারেন্স কক্ষ,হাইড্রোকার্বন ইউনিট |
| উপস্থিতি | পরিশিষ্ঠ ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব দীপক কুমার চক্রবর্তী (পরিচালক ) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২.০। হাইড্রোকার্বন ইউনিটের সার্বিক কার্যক্রম পর্যারোচনার নিমিত্ত নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | <u>সেমিনার সংক্রান্ত</u><br>উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) জনাব শিহাব মাহমুদ বাৎসরিক ০৮ টি সেমিনারের প্রসঙ্গে আলোকপাত করে বলেন এখন পর্যন্ত ০৬ টি সেমিনার আয়োজন করা হয়েছে। মহাপরিচালক বলেন, কর্মশালার আউটপুট প্রতিবেদন আকারে পেশ করতে হবে। সেমিনারের র‌্যাপোটিয়ার্স প্রতিবেদন দ্রুত ভিত্তিতে সম্পন্ন করতে হবে। | বিগত ৬ টি সেমিনারের র‌্যাপোটিয়ার্স প্রতিবেদন আগামী তিন কার্যদিবসের মধ্যে সম্পন্ন করে মহাপরিচালক মহোদয় বরাবর পেশ করতে হবে। | সহকারী পরিচালক (অপারেশন) |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০২ | প্রশানিক র্কাযক্রম<br>ক) অফিসের যাবতীয় ক্রয় প্রক্রিয়া এবং টেন্ডার কার্যক্রম সম্পন্ন করার জন্য বছরের শুরুতেই বাজারদর যাচাই কমিটি, দরপত্র উন্মুক্তকরণ কমিটি এবং দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করার বিষয়ে আলোচনা হয়।<br><br>খ) এপিএ সংক্রান্ত বাস্তবায়িতব্য ওয়ার্কশপ/সেমিনার এবং প্রশিক্ষণ আগামী ০৭ (সাত) দিনের মধ্যে আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।<br><br>গ) নিয়মিতভাবে হাইড্রোকার্বন ইউনিটের অভ্যন্তরীণ সমন্বয় সভা এবং এপিএ সংক্রান্ত সভা করার বিষয়ে আলোচনা হয়। মহাপরিচালক বলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সমন্বয় সভার পূর্বে হাইড্রোকার্বন ইউনিটের এপিএ এবং সমন্বয় সভার জন্য একটি নির্দিষ্ট তারিখ ঠিক করার বিষয়ে আলোচনা করেন।<br><br>ঘ) কর্মকর্তাদের ছুটির ক্ষেত্রে মহাপরিচালক মহোদয়ের সঙ্গে সরাসরি আলাপ করতে হবে। ছুটি ভোগ করার পরবর্তী ০৩ (তিন) মাস অতিবাহিত না হওয়া পর্যন্ত পুনরায় ছুটি গ্রহণ করতে নিরুৎসাহিত করা হয়েছে। | ক) স্বল্পতম সময়ের মধ্যেই নিয়মানুযায়ী বাজারদর যাচাই কমিটি, দরপত্র উন্মুক্তকরণ কমিটি এবং দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করতে হবে।<br><br>খ) উক্ত ওয়ার্কশপ/ সেমিনার এবং প্রশিক্ষণ আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে আয়োজন করতে হবে।<br><br>গ) মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনাপূর্বক অভ্যন্তরীণ সমন্বয় সভা এবং এপিএ সংক্রান্ত সভার তারিখ প্রতিমাসের ২৩ তারিখে নির্দিষ্ট করতে হবে। | ক) উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন)<br><br>খ) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)<br><br>গ) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) |
| ০৩ | ড্যাশর্বোড<br>উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) বলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এর আওতাধীন ৭ টি প্রতিষ্ঠানের জন্য একটি ড্যাশবোর্ড তৈরি করা হচ্ছে। ড্যাশবোর্ডের প্রসঙ্গে আলোকপাত করে মহাপরিচালক যাবতীয় বিষয়াদি পর্যবেক্ষণ করে বিজনেস অটোমেশন এর সাথে দ্রুত সময়ের মধ্যে চুক্তি স্বাক্ষর করার বিষয়ে আলোচনা করেন। | যাবতীয় বিষয়াদি পর্যবেক্ষণ করে বিজনেস অটোমেশন এর সাথে দ্রুত সময়ের মধ্যে চুক্তি স্বাক্ষর করতে হবে। | উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৪ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-<br>২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্গত ফাইভ টুলস ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন; তথ্য অধিকার; সেবা প্রদান প্রতিশ্রুতি এবং সিটিজেন চার্টার এর বিষয়াদি নিয়ে আলোচনা হয়। সিটিজেন চার্টার এর বিষয়ে একটি সভা আয়োজন; ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কার্যক্রমের অংশ হিসেবে সিটিজেন চার্টারে উল্লেখিত একটি সেবা ডিজিটাইজ করার বিষয়ে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | সিটিজেন চার্টার এর বিষয়ে একটি সভা আয়োজন; ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কার্যক্রমের অংশ হিসেবে সিটিজেন চার্টারে উল্লেখিত একটি সেবা ডিজিটাইজ করতে হবে। | সহকারী পরিচালক (পরিকল্পনা) এবং সহকারী পরিচালক (অনুসন্ধান) |
| ০৫ | শুদ্ধাচার কর্মপরিকল্পনা:<br>ফোকাল পয়েন্ট ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি আলোকপাত করলে, মহাপরিচালক শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য কমিটি গঠন করার নির্দেশনা দেন। কমিটির সদস্যরা সভা করে পুরস্কার প্রদানের জন্য নবম গ্রেড এবং তদুর্ধ থেকেএকজনকে নির্বাচিত করবেন। এছাড়াও ২০২৩-২০২৪ অর্থ বছরের খসড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের ব্যাপারে আলোচনা হয়। | শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য কমিটি গঠন এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের খসড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট শুদ্ধাচার কৌশল |
| ০৬ | বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত<br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) জানান ম্যানডেট অনুযায়ী প্রতি মাসে বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত একটি রিপোর্ট প্রেরণ করতে হয়। উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) বলেন, হাইড্রোকার্বন ইউনিটের জন্য কোন নির্দিষ্ট মিটার নেই। ভূতাত্বিক জরিপ অধিদপ্তরের কেন্দ্রীয় মিটার থেকে এ সংক্রান্ত বিষয়াদি সমন্বয় করা হয়। মহাপরিচালক সাবমিটারের জন্য জিএসবিকে পত্র দেয়ার জন্য সিদ্ধান্ত প্রদান করেন। | স্বল্পতম সময়ের মধ্যেই সাবমিটারের জন্য জিএসবিকে পত্র দিতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) |
| ০৭ | বিভাগীয় পদ্ধতিগত সমন্বয় প্রসঙ্গে<br>বিভাগীয় পদ্ধতিগত সমন্বয় প্রসঙ্গে_মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন এবং সকলকে এই বিষয়ে অধিকতর সচেষ্ট হওয়ার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। | যে কোন প্রকল্প/ বিদেশী সহায়তা সংক্রান্ত বিষয়াদি হাইড্রোকার্বন ইউনিটে পর্যালোচনা করার জন্য প্রেরণ করা হলে প্রথমেই বিষয়টি উপযুক্ত নিয়ম যাচাই/বাছাইপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে | উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন) |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৮ | <u>Energy Sector Smart Master Plan</u><br>Energy Sector Smart Master Plan প্রণয়নের নিমিত্তে প্রস্তুতকৃত খসড়া Strategy of Preparation ম্যাট্রিক্স এর উপর জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ সকল দপ্তর/ সংস্থা ও অংশীজন থেকে মতামত গ্রহণের বিষয়টি আলোচনা করা হয়। | খসড়া Strategy of Preparation ম্যাট্রিক্স এর উপর জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক সকল দপ্তর/ সংস্থা ও অংশীজন থেকে মতামত গ্রহণের অনুরোধ জানিয়ে হাইড্রোকার্বন ইউনিট থেকে ২৫/০৫/২০২৩ খ্রি: তারিখের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (অনুসন্ধান) |
| ০৯ | <u>অন্যান্য বিষয়াদি</u><br>ক) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) জানান হাইড্রোকার্বন ইউনিটের আউটসোর্সিং কর্মচারীদের চুক্তি প্রতিবছর জুলাই মাসে নবায়ন করতে হয়। মহাপরিচালক এ সংক্রান্ত বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) মহাপরিচালক বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট হতে প্রতি কোয়ার্টারে ১ জন কর্মকর্তাকে ফাউন্ডেশন ট্রেনিং গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত প্রদান করেন।<br><br>গ) মহাপরিচালক কর্মকর্তাদের অনুপস্থিত থাকাকালীন ছুটিকালীন প্রতিভূ/ প্রতিস্থাপক তৈরি করার বিষয়ে নির্দেশনা দেন।<br><br>ঘ) এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে চলা এবং সকল কর্মকর্তা /কর্মচারীকে যথাসময়ে অফিসে উপস্থিত থাকার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | ক) আউট সোর্সিং কর্মচারীদের চুক্তি নবায়ন করতে হবে;<br><br>খ) আগামী অর্থবছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট হতে সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) কে ফাউন্ডেশন ট্রেনিং গ্রহণ করতে হবে;<br><br>গ)কর্মকর্তাদের অনুপস্থিত থাকাকালীন ছুটিকালীন প্রতিভূ/ প্রতিস্থাপক তৈরি করতে হবে। | উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) এবং সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) |

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

৩০-০৫-২০২৩
তাহমিনা ইয়াসমিন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) (অতিরিক্ত দায়িত্ব)
৮৩৯১০৭৫
hcu@hcu.org.bd

**নম্বর:** ২৮.০৬.০০০০.০০০.০৬.০০২.১৯.৮০৩

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), পরিচালক (নীতিমালা ও উন্নয়ন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
২। উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৩। উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৪। উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন), উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৫। সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৬। সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৭। সহকারী পরিচালক (অপারেশন) , উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৮। সহকারী পরিচালক (অনুসন্ধান) , উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা , উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
১০। কম্পিউটার অপারেটর , মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট এবং
১১। অফিস কপি।

৩০-০৫-২০২৩
তাহমিনা ইয়াসমিন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) (অতিরিক্ত দায়িত্ব)